

Chapter-06

Lecture no -34+35+36

(অবরোহ অনুমান)

অবরোহ অনুমান দুই প্রকার

১, অমাধ্যম অনুমান

২, মাধ্যম অনুমান

অমাধ্যম অনুমানঃ যে অনুমানে একটি মাত্র আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্তটি সরাসরি নিঃসৃত হয় তাকে অমাধ্যম অনুমান বলে।

যেমন- সকল মানুষ হয় মরণশীল।

কোনো মানুষ নয় অমরণশীল

মাধ্যম অনুমানঃ যে অনুমানে একাধিক আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্তটি সরাসরি নিঃসৃত হয় তাকে মাধ্যম অনুমান বলে।

অমাধ্যম অনুমানঃ অমাধ্যম অনুমান ১০ প্রকার যথা-

১, আর্ভতন ২, প্রতিবর্তন ৩, প্রতি- আর্ভতন ৪, অনঙ্করাবর্তন
৫, বিরোধানুমান ৬, নিশ্চয়তাঘটিত অনুমান ৭, সম্বন্ধ পরিবর্তিত অনুমান ৮, বিশেষণ
যোগে অনুমান ৯, জটিল ধারণা যোগাত্মক অনুমান ১০, বিপরীত সম্বন্ধযুক্ত অনুমান।

আবর্তন কি ?

যে অমাধ্যম অনুমানে গুণ অপরিবর্তিত রেখে আশ্রয়বাক্যের উদ্দেশ্যের জায়গায় বিধেয় ও বিধেয়ের পরিবর্তে আশ্রয়বাক্য হলে তাকে আর্ভতন বলে। আর্ভতন দুই প্রকার যথা- সরল, অসরল

যেমন- সকল মানুষ হয় মরণশীল প্রাণী।

কিছু মরণশীল প্রাণী হয় মরণশীল।

আর্ভতনের আশ্রয়বাক্যকে বলা হয় আবর্তনীয়, আর সিদ্ধান্তকে বলা হয় আবর্তিত।

আর্ভতনের নিয়মাবলীঃ আর্ভতনের নিয়ম চারটি

১, আশ্রয়বাক্যের উদ্দেশ্য পদ সিদ্ধান্তে এসে বিধেয় পদ হয়।

- ২, আশ্রয়বাক্যের বিধেয় পদ সিদ্ধান্তে এসে উদ্দেশ্য পদ হয়।
- ৩, আবর্তনে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তে পরিবর্তন হলেও গুণের কোন পরিবর্তন হয়না।
- ৪, আশ্রয়বাক্যের কোনো অব্যাপ্যপদ সিদ্ধান্তে এসে ব্যাপ্য হতে পারবে না।

প্রতিবর্তন কি?

যে অমাধ্যম অনুমানে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের উদ্দেশ্য পদকে অপরিবর্তিত রেখে গুণগত পরিবর্তন করে তাকে প্রতিবর্তন বলে।

যেমন- সকল মানুষ হয় মরণশীল।

সুতরাং, কোনো মানুষ নয় অমরণশীল

প্রতিবর্তনের নিয়মঃ প্রতিবর্তনের নিয়ম ৪ টি।

- ১, প্রতিবর্তনীয় ও প্রতিবর্তিতের উদ্দেশ্য পদ একই হবে।
- ২, প্রতিবর্তনীয় ও প্রতিবর্তিতের বিধেয় পদ পরস্পর বিরুদ্ধ হবে।
- ৩, প্রতিবর্তনীয় ও প্রতিবর্তিতের গুণ ভিন্ন হবে।
- ৪, প্রতিবর্তনীয় ও প্রতিবর্তিতের পরিমাণ একই হবে।

প্রশ্ন ১। কোন ধরনের অনুমান আকারগত সত্যতা প্রতিষ্ঠা করে? ব্যাখ্যা কর।

[চ. বো. '১৯]

উত্তর: অবরোহ অনুমান আকারগত সত্যতা প্রতিষ্ঠা করে। যে অনুমানে এক বা একাধিক আশ্রয়বাক্য থেকে আশ্রয়বাক্যের চেয়ে কম ব্যাপক বা সমব্যাপক সিদ্ধান্ত অনুমতি হয় তাকে অবরোহ অনুমান বলে। অবরোহ অনুমানের লক্ষ্য থাকে আকারগত সত্যতা প্রতিষ্ঠা করা। এখানে আশ্রয়বাক্য থেকে যুক্তির যথাযথ নিয়ম অনুযায়ী সিদ্ধান্ত অনুমানে আশ্রয়বাক্যের বাস্তবতা পরীক্ষা করা হয় না। এ কারণে অবরোহ অনুমানে আশ্রয়বাক্য মিথ্যা হয়েও যুক্তি বৈধ হতে পারে। আবার আশ্রয়বাক্য সত্য হয়েও যুক্তি অবৈধ হতে পারে।

প্রশ্ন ২। আবর্তন কোন অনুমানের প্রকারভেদ? বুঝিয়ে লেখ। [চ. বো. '১৯]

উত্তর: আবর্তন অমাধ্যম অনুমানের প্রকারভেদ। অবরোহ অনুমানকে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়। যথা- অমাধ্যম অনুমান ও মাধ্যম অনুমান। আশ্রয়বাক্যের সংখ্যা একটি হলে তাকে অমাধ্যম অনুমান বলে। অমাধ্যম অনুমানকে আবার দশ ভাগে ভাগ করা হয় যার মধ্যে প্রথমটি হচ্ছে আবর্তন। তাই আবর্তন অমাধ্যম অনুমানের প্রকারভেদ। আর সার্বিকভাবে অবরোহ অনুমানের প্রকারভেদ।